

## কানের সমান্তরাল বিভাগে ‘র‌্যাডিক্যালস’

কান চলচ্চিত্র উৎসবের সমান্তরাল বিভাগ ক্রিটিকস উইকের ৬৩তম আসরে প্রতিযোগিতার জন্য নির্বাচিত হলো স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ‘র‌্যাডিক্যালস’। এটি সহ-প্রযোজনা করেছেন বাংলাদেশের দুই নির্মাতা আদনান আল রাজীব ও তানভীর হোসেন। ফলে কানসৈকতে আবারও লাল-সবুজ পতাকার প্রতিনিধিরা আমন্ত্রণ পেলেন। ‘র‌্যাডিক্যালস’ মূলত ফিলিপাইনের স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র। এটি পরিচালনা করেছেন আরভিন বেলারমিনো। প্রযোজনায় ক্রিস্টিন ডে লিয়ন। আদনান আল রাজীব ও তানভীর হোসেনের সঙ্গে এটি সহ-প্রযোজনা করেছেন ডমিনিক ওয়েলিনস্কি।

## প্রসেনজিৎ-ঋতুপর্ণা জুটির ৫০তম ছবি

নব্বইয়ের দশকের মাঝামাঝি প্রসেনজিৎ-ঋতুপর্ণা জুটির সফর শুরু হয়। তাদের প্রথম ছবিই ছিল সুপারহিট। ‘শ্বশুরবাড়ী জিন্দাবাদ’ সিনেমা মুক্তির পর বহু বছর একসঙ্গে কাজ করেননি তারা। ১৫ বছর বিরতির পর ‘প্রাক্তন’ সিনেমায় ব্লকবাস্টার কামব্যাক হয় তাদের। এরপর কৌশিক গঙ্গোপাধ্যায়ের ‘দৃষ্টিকোণ’-এ অভিনয় করেন তারা। এর মাঝে কেটে গেছে প্রায় পাঁচ বছর, চলতি বছরের জুনে পর্দায় আবারও ফিরছেন এই জুটি। ৫০তম ছবি ‘অযোগ্য’ নিয়ে ফিরছেন তারা। ৭ জুন বড় পর্দায় মুক্তি পাবে সিনেমাটি।



## এ আর রহমানের স্টুডিওতে আসিফ আকবর

ভারতের মুম্বাইয়ে কিংবদন্তি এ আর রহমানের স্টুডিওতে গিয়ে গান গাইলেন কণ্ঠশিল্পী আসিফ আকবর। জানালেন, সঙ্গীতের এমন কিংবদন্তির স্টুডিওতে গানে কণ্ঠ দিয়ে দারুণ অনুভূতি হয়েছে তার। নিজের ভেরিফাইড ফেসবুক পেজে একটি পোস্ট দিয়ে এমন তথ্য জানিয়েছেন তিনি।

এতে আসিফ আকবর লেখেন, মুম্বাই এসেছি কিছু রেকর্ডিংয়ের কাজে। দুটো গানের ভয়েস দিলাম শ্রদ্ধেয় এ আর রহমান স্যারের কে এম স্টুডিওতে। কমপক্ষে ১৫ হাজার স্কয়ার ফিটের সুবিশাল স্টুডিও। ভেতরে ঢুকেই মনটা ভালো হয়ে গেল, কী চমৎকার পরিবেশ! যারা উনার কাছে মিউজিক ক্লাস করেন, তাদের জন্য ছাদে শেড দেওয়া সুন্দর খোলামেলা স্কুল। তাঁর ব্যক্তিগত স্টুডিওতে গাওয়ার অনুমতি পেয়েছি, এটা পরম সৌভাগ্য আমার জন্য। ভয়েস রুমের টেম্পারেচার কেমন হওয়া উচিত সেটার অভিজ্ঞতাও পেলাম।



## মস্কো চলচ্চিত্র উৎসবে পুরস্কৃত ‘নির্বাণ’


রাশিয়ার মস্কো চলচ্চিত্র উৎসবের পুরস্কার জিতল বাংলাদেশের সিনেমা ‘নির্বাণ’। ‘স্পেশাল জুরি অ্যাওয়ার্ড’ পেয়েছে সিনেমাটি। সিনেমাটি নির্মাণ করেছেন আসিফ ইসলাম। সিনেমায় প্রধান চরিত্রে অভিনয় করেছেন প্রিয়াম অর্চি। আট দিনব্যাপী মস্কো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু হয় গত ১৯ এপ্রিল। ২৬ এপ্রিল ছিল সমাপনী আয়োজন।





## ‘মা’ হিসেবে বাঁধনের অনন্য ইতিহাস

আদালত প্রাঙ্গণে সগর্বে উচ্চারিত হলো অভিনেত্রী আজমেরী হক বাঁধনের নাম। বাংলাদেশের ইতিহাসে তিনিই একমাত্র মা, যিনি সন্তানের পূর্ণ অভিভাবকত্ব পেয়েছেন। তার আগে ও পরে এখনো কোনো নারী সন্তানের অভিভাবকত্ব পাননি। ২২ এপ্রিল নাবালক সন্তানের অভিভাবকত্ব নির্ধারণে নীতিমালা প্রণয়নে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।



## নেটফ্লিক্সে আসছে ‘নিঃসঙ্গতার একশ বছর’

মেক্সিকান লেখক গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেসের স্প্যানিশ ভাষার প্রবাদপ্রতিম উপন্যাস ‘সিয়েন আনিওস দে সোলেদাদ’ প্রকাশ পায় ১৯৬৭ সালে। বাংলায় এটির অনুবাদ হয়েছে ‘নিঃসঙ্গতার একশ বছর’ নামে। কেবল গত শতাব্দীর নয়, সাহিত্যের ইতিহাসেই অনন্য এক সাহিত্যকর্ম এটি। ১৯৮২ সালে বইটির জন্য মার্কেস সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। লেখার প্রায় ছয় দশক পর সে উপন্যাস নতুন চেহারা নিয়ে হাজির হতে যাচ্ছে নেটফ্লিক্সে। সম্প্রতি প্রকাশ করা হয়েছে ১৬ পর্বে নির্মিত সিরিজটির টিজার।

## নতুন সিনেমায় মেহজাবীন

অভিনয় ক্যারিয়ারের ১৪ বছর পূর্তি উপলক্ষ্যে গত ২১ ফেব্রুয়ারি সিনেমার ঘোষণা দিয়েছিলেন মেহজাবীন চৌধুরী। ‘সাবা’ নামের সিনেমাটি শুটিং শেষে আছে সম্পাদনার টেবিলে। প্রথমটি মুক্তির আগেই জানা গেল মেহজাবীনের দ্বিতীয় সিনেমার খবর। ‘প্রিয় মালতী’ নামের এ সিনেমার পরিচালক শঙ্খ দাশগুপ্ত।



## ফের ঢাকাই সিনেমায় পাওলি দাম

নির্মাতা ফাখরুল আরেফীন খান নিজের চতুর্থ সিনেমার কাজ শুরু করেছেন। সরকারি অনুদানের এই সিনেমা নির্মিত হয়েছে মোশতাক আহমেদের প্যারাসাইকোলজি বিষয়ক উপন্যাস ‘নীল জোছনার জীবন’ অবলম্বনে। ‘নীল জোছনা’ নামে এই সিনেমায় অভিনয় করছেন পশ্চিমবঙ্গের জনপ্রিয় অভিনেত্রী পাওলি দাম। তাকে দেখা যাবে সিনেমার প্রধান নারী চরিত্র লায়লার ভূমিকায়।







## ফ্রাঙ্ক সিনাত্রা হচ্ছেন লিওনার্দো ডিক্যাপ্রিও

সংগীতশিল্পে বিপ্লব আনার অন্যতম কারিগরদের একজন ফ্রাঙ্ক সিনাত্রা। কিংবদন্তি মার্কিন গায়ক ও অভিনেতা ফ্রাঙ্ক সিনাত্রার জীবন এবার উঠে আসবে সেলুলয়েডের পর্দায়। এই গায়কের বায়োপিক বানাবেন হলিউডের প্রখ্যাত নির্মাতা মার্টিন স্করসেসি। বায়োপিকটিতে সিনাত্রার চরিত্রে অভিনয় করবেন হলিউড অভিনেতা লিওনার্দো ডিক্যাপ্রিও। আর সিনাত্রার স্ত্রী আডা গার্ডনারের চরিত্রে দেখা যাবে জেনিফার লরেন্সকে।



## বিলিয়নিয়ার হলেন টেলর সুইফট

প্রায় দুই দশকের ক্যারিয়ারে ১০টি জনপ্রিয় অ্যালবাম উপহার দিয়েছেন মার্কিন পপ গায়িকা টেলর সুইফট। এই বিষয়টি উদ্‌যাপন করতেই সম্প্রতি ইরাস ট্যুর শুরু করেছিলেন তিনি। এই ট্যুরের মধ্য দিয়ে পৃথিবীর বিভিন্ন দেশে একের পর এক কনসার্ট করছেন সুইফট। ইরাস ট্যুরের মধ্য দিয়ে বিপুল আর্থিক লাভেরও মুখ দেখলেন মার্কিন পপ তারকা। ফোর্বসের এক প্রতিবেদনে বলা হয়েছে, ইতিমধ্যে বিভিন্ন দেশে সুইফটের ইরাস ট্যুরের টিকিট ৭৮০ মিলিয়ন ডলার বিক্রি হয়েছে। তাই সুইফটের এই সফরকে সর্বকালের সর্বোচ্চ উপার্জনকারী সফর হিসেবে আখ্যায়িত করা হয়েছে। এই সফরের বিপুল আয় ৩৩ বছর বয়সী গায়িকাকে মর্যাদাপূর্ণ বিলিয়নিয়ার ক্লাবেও পৌঁছে দিয়েছে।



## ব্ল্যাক ব্যান্ডে ফিরছেন তাহসান-জন

বাংলা রক গানে জোয়ার এনেছিল ব্যান্ড 'ব্ল্যাক'। ১৯৯৮ সালে তিন বন্ধু জন কবির, জাহান ও টনির হাত ধরে যাত্রা শুরু হয় এ ব্যান্ডের। পরে যোগ দেন মিরাজ ও তাহসান। ২০০২ সালে বাজারে আসে ব্যান্ডটির প্রথম অ্যালবাম 'আমার পৃথিবী'। ১৯ বছর পর পুরানো লাইনআপ নিয়ে ফিরছে গানের দলটি। আগামী ১০ মে ঢাকায় 'রক অ্যান্ড রিদম ৪.০' কনসার্টে দেখা যাবে ব্ল্যাকের পুরোনো লাইনআপ। কনসার্টটির জন্যই মূলত এক হচ্ছেন ব্ল্যাকের সাবেক ও বর্তমান সদস্যরা।

## বাংলাদেশের নাটকে অনুপমের গান

বাংলাদেশেও বেশ জনপ্রিয় পশ্চিমবঙ্গের সংগীতশিল্পী অনুপম রায়। গান শোনাতে কয়েকবার এসেছেন বাংলাদেশে। এ দেশের সিনেমাতেও প্লেব্যাক করেছেন তিনি। এবার নাটকের জন্য গাইলেন তিনি। নিলয় আলমগীর ও জান্নাতুল সুমাইয়া হিমি অভিনীত 'আদরে থেকো' নাটকের টাইটেল ট্র্যাকে কণ্ঠ দিয়েছেন অনুপম। গানটির কথা লিখেছেন কলকাতার প্রিতম। সুর করেছেন অমিত চ্যাটার্জি।



## সংগীতশিল্পী পাগল হাসান নিহত

সুনামগঞ্জের ছাতকে বাস ও সিএনজি অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে প্রাণ হারালেন সংগীতশিল্পী ও গীতিকার মতিউর রহমান হাসান ওরফে পাগল হাসান। পাগল হাসান 'জীবন খাতা', 'আসমানে যাইয়ো না রে বন্ধু', 'আমি এক পাপিষ্ঠ বান্দা', 'রেলগাড়ির ইঞ্জিন'সহ অনেক গান রচনা করেছেন।

